



দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি:  
গাজীপুর-১৭০৩।

### আয়কর উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি: (এসপিসিবিএল) এর আয়কর সংক্রান্ত বিষয়ে পরামর্শ/সহায়তা প্রদানের জন্য কোম্পানী আয়কর সংক্রান্ত কাজে অভিজ্ঞ আয়কর আইন উপদেষ্টা ০৩ (তিন) বৎসরের জন্য নিয়োগের লক্ষ্যে নিম্নে বর্ণিত শর্তে বাংলাদেশী আইনজীবী/চার্টার্ড একাউন্ট্যান্টস্ ফার্ম/কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্টস্ ফার্ম/জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক স্বীকৃত ইনকাম ট্যাক্স প্র্যাকটিশনার (আইটিপি) এর নিকট হতে সাদা কাগজে লিখিত দরখাস্ত আস্থান করা যাচ্ছে:

১। আইন শাস্ত্রে, চার্টার্ড একাউন্ট্যান্টস্ ফার্ম, কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্টস্ ফার্ম, ইনকাম ট্যাক্স প্র্যাকটিশনার (আইটিপি) ডিগ্রীসহ কোম্পানীর আয়কর সংক্রান্ত কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। যে সমস্ত কোম্পানীতে আয়কর সংক্রান্ত কাজ সম্পাদন করা হয়েছে সে সমস্ত কোম্পানীর সনদ পত্র আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে।

২। কোম্পানী আইন বিষয়ক পরামর্শ প্রদান ও আয়কর মামলা পরিচালনার জন্য কোম্পানী আইনে অভিজ্ঞ হতে হবে।

৩। কোম্পানীর হিসাব রক্ষণ পদ্ধতি সম্পর্কে বাস্তব জ্ঞান অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৪। আবেদন পত্রে নিম্নে বর্ণিত কাজের জন্য ফি'র হার উল্লেখ করতে হবে।

ক) প্রতি কর বৎসরের এসেসমেন্টের ও স্ব-শরীরে জমাদানসহ ফি'র পরিমান।

খ) প্রতি কর বৎসরের রিভিশনের জন্য ফি'র পরিমান।

গ) কর আপীলের (ডকুমেন্টস প্রস্তুত; হাজিরা ও শুনানী) জন্য ফি'র পরিমান।

গ) ট্রাইবুনালের (ডকুমেন্টস প্রস্তুত; হাজিরা ও শুনানী) জন্য ফি'র পরিমান।

ঘ) আয়কর বিষয়ে মতামত প্রদানের জন্য ফি'র পরিমান।

৫। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি সংযোজন করতে হবে:

ক) ব্যক্তির ক্ষেত্রে পূর্ণ জীবন বৃত্তান্ত ও ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রোফাইল।

খ) ব্যক্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার সনদ ও এনবিআর এর সনদ এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে রেজিস্ট্রেশনের প্রমাণক।

গ) অভিজ্ঞতার প্রমাণ পত্র।

উপযুক্ত প্রার্থী/প্রার্থীদের সমন্বয়ে আয়কর উপদেষ্টা প্যানেল নির্বাচন করা হবে। প্যানেলভুক্ত উপদেষ্টাদেরকে আয়কর মামলা পরিচালনার জন্য সম্পাদিত চুক্তি অনুযায়ী ফি প্রদান করা হবে।

আগ্রহী প্রার্থীদের দরখাস্ত অফিস চলাকালীন সময়ে (রবিবার হতে বৃহস্পতিবার সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.৩০ টা পর্যন্ত) আগামী ১৭/১২/২০২৪ তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি: (এসপিসিবিএল), গাজীপুর-১৭০৩ এই ঠিকানায় পৌঁছাতে হবে। কোন অবস্থাতেই ই-মেইলের মাধ্যমে প্রেরিত দরখাস্ত গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

বিজ্ঞপ্তিটি এসপিসিবিএল-এর [website:www.spcbl.org.bd](http://www.spcbl.org.bd) এবং বাংলাদেশ ব্যাংকের [website:www.bb.org.bd/](http://www.bb.org.bd/) [www.bangladesh-bank.org/www.bangladeshbank.org.bd/](http://www.bangladesh-bank.org/www.bangladeshbank.org.bd/) - এ পাওয়া যাবে।

  
(মো: শাহজাহান খান)

উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)

ফোন: ০২-৯৯৬৬৯৫১১৬